

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮২০

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যিনি শিংগায় ফুঁৎকার দেওয়ার অপেক্ষা করছে, তাকে 'হাসবুনাল্লাহু ওয়া নি'মাল ওয়াকীল' বলার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ لِمَنِ انْتَظَرَ النَّفْخَ فِي الصُّورِ أَنْ يَقُولَ: حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ

## আরবী

820 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْبُخَارِيِّ بِبَغْدَادَ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جُرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى جَرِيرٌ عَنِ الْأَعْمَ وَصَاحِبُ الصَّورِ قَدِ الْتَقَمَ الْقَرْنَ وَحَنَى جَبْهَتَهُ يَنْتَظِرُ مَتَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَيْفَ أَنْعَمُ وَصَاحِبُ الصَّورِ قَدِ الْتَقَمَ الْقَرْنَ وَحَنَى جَبْهَتَهُ يَنْتَظِرُ مَتَى يُؤْمَرُ أَنْ يَنْفُخَ)؟ قَالَ: قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ فَمَا نَقُولُ يَوْمَئِذٍ؟ قَالَ: (قُولُوا: حسبنا الله ونعم الوكيل)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: أَخْبَرَنَا أَبُو يَعْلَى عَنْ عُثْمَانَ بْنِ أَبِي شَيْبَةَ ... بإسنادٍ نَحْوهِ قَالَ:

(قُولُوا: حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الوكيل على الله توكلنا)

الراوي: أَبُو سَعِيدٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 820 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৮২০. আবৃ সা'ঈদ আল খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কিভাবে আমি সুখ-স্বাচ্ছন্দে জীবন যাপন করতে পারি, অথচ শিংগা ওয়ালা (ফেরেস্তা) শিংগা মুখে নিয়ে আছেন আর তিনি তাঁর ললাট অবনত রেখে প্রতিক্ষা করছেন, কখন তাকে শিংগায় ফুঁৎকার করার নির্দেশ দেওয়া হবে!" রাবী বলেন, আমরা বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সে সময় আমরা কী বলবো?" তিনি জবাবে বলেন, "তোমরা বলবে, 'এই৯০ বিলি তুইনা উত্তম কর্মবিধায়ক।)



আবৃ হাতিম ইবনু হিকান রহিমাহল্লাহ বলেন, "উসমান বিন আবী শায়বাহ থেকে আবৃ ইয়ালা অনুরুপ সানাদে আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা বলো, عُسُبُنَا اللهُ توكلنا (আমাদের জন্য আল্লাহই যথেষ্ট, তিনি কতইনা উত্তম কর্মবিধায়ক। আমরা আল্লাহর উপরই ভরসা করছি।)[1]

## ফুটনোট

[1] মুসনাদ আবী 'ইয়ালা: ১০৮৪; ইবনু কাসীর, আন নিহায়াহ: ১/২৪৪; হাকিম: ৪/৫৫৯; হুমাইদী: ৭৫৪; মুসনাদ আহমাদ: ৩/৭; তিরমিযী: ২৪৩১; ইবনুল মুবারক, আয যুহদ: ১৫৯৭; আবূ নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৫/১০৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৭৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন